

নথি অফিসঃ ঢাকা পানি সরবরাহ ও পয়ঃনিষ্কাশন কর্তৃপক্ষ (ঢাকা ওয়াসা)
নথি শাখাঃ ----

মুদ্রনকারীঃ ঢাকা পানি সরবরাহ ও পয়ঃনিষ্কাশন কর্তৃপক্ষ (ঢাকা ওয়াসা), সাভার কেরানীগঞ্জ ওয়েলফিল্ড প্ল্যান্ট

নথি নম্বর: ৪৬.০৫.০০০০.০০০.৬২৬.০২.০০০২.২৫ নথির বিষয়: Purchasing laptop spare parts & others under SKWP কাজের অনুমোদন প্রসঙ্গে।

নোট: ১ নোটের বিষয়: Purchasing laptop spare parts & others under SKWP কাজের অনুমোদন প্রসঙ্গে।

অনুচ্ছেদ ১.০ - তারিখঃ ১৬/২/২৫ ৬:২০ অপরাহ্ন

সাভার কেরানীগঞ্জ ওয়েলফিল্ড প্লান্টে ২ টি আয়রন রিমুভাল প্লান্ট, ৪৫ টি গভীর নলকূপ (বাকী ১ টি নলকূপের কাজ অসমাপ্ত রয়েছে) ও ২ টি ৩৩/১১ কেভি বৈদ্যুতিক উপ-কেন্দ্রসহ অন্যান্য স্থাপনা সমূহ পরিচালনা ও পর্যবেক্ষণ করার জন্য আধুনিক অটোমোটেড স্ক্যাডা সিস্টেম রয়েছে। প্লানটের পানি উৎপাদন লক্ষ্যমাত্রা দৈনিক ১৫ কোটি লিটার। দৈনিক সকল গভীর নলকূপ হতে অপরিশোধিত পানি সংগ্রহ করে ২৬ কি.মি. পাইপ লাইনের মাধ্যমে আয়রন রিমুভাল প্লান্ট-১ এর আওতায় পরিশোধন করে Over Ground Reservoir (OGR) হতে বুস্টারিং করে ১২০০ মি.মি. ব্যাসের পাইপ দিয়ে ভাকুর্তা, মোগড়াকান্দা, আমিনবাজার, গাবতলী হয়ে মীরপুর (জোন-৪, জোন-১০) এলাকায় দৈনিক প্রায় ১৫ (পনেরো) কোটি লিটার সুপেয় পানি সরবরাহ করা হয়। আলোচ্য প্লান্টের IRP#1 এবং IRP#2 এর আওতাধীন এলাকাসমূহে গ্রাউন্ড ওয়াটার টেবিল পর্যবেক্ষণের জন্য সর্বমোট ৩০টি মনিটরিং ওয়েল রয়েছে। উক্ত মনিটরিং ওয়েলগুলো থেকে ডাটা লগারের মাধ্যমে নিয়মিত তথ্য সংগ্রহ করা হয়। তথ্যগুলো ২টি পোর্টেবল কম্পিউটার বা ল্যাপটপের মাধ্যমে সংগ্রহ করা হয়। উক্ত ল্যাপটপ ২টি অনেক পুরাতন হওয়ায় রিচার্জবল ব্যাটারিতে চার্জ থাকে না এছাড়া পুরাতন হওয়ায় ল্যাপটপের অপারেটিং সিস্টেমটি অনেক স্লো হয়ে গিয়েছে। যা পরিবর্তন করা জরুরী। এছাড়া উপ-সহকারী প্রকৌশলী এর ব্যবহৃত কম্পিউটারের পুরাতন মনিটরটি নষ্ট হয়ে যাওয়ায় জরুরী ভিত্তিতে সংগ্রহ করা প্রয়োজন।

অনুচ্ছেদ ১.১ - তারিখঃ ১৬/২/২৫ ৬:২৪ অপরাহ্ন

সেপ্রেস্কিতে উপরোক্ত মালামালগুলো সংগ্রহ করার জন্য বর্তমান বাজারদরের ভিত্তিতে (সংযুক্তিঃ ০১) অনুযায়ী একটি প্রাক্কলন প্রস্তুত করা হয়েছে। প্রাক্কলনে টাকার পরিমাণ দাঁড়িয়েছে ৳.২৪,৮০০/- (টাকা চব্বিশ হাজার আটশত) মাত্র (সংযুক্তিঃ ০২)। আলোচ্য কাজটি SKWP এর ২০২৪-২৫ ইং অর্থ বছরের বরাদ্দকৃত বাজেটের 'পরিচালন ব্যয়' এর ক্রমিক নংঃ ২৭ এর 'পানি ও পয়ঃশোধনাগার (ও এন্ড এম) (কোড ০১-০৪-০১১) খাত (সংযুক্তিঃ ০৩) হতে এবং অনুমোদিত বার্ষিক ক্রয় পরিকল্পনার ক্রমিক নংঃ ১৭৪ হতে নির্বাহ করা হবে (সংযুক্তিঃ ০৪)।


সংযুক্তিসমূহ (৪):

- ১। Market Rate.pdf
- ২। Estimate.pdf
- ৩। Budget FY 2024-2025.pdf
- ৪। বার্ষিক ক্রয়-পরিকল্পনা।


অনুচ্ছেদ ১.২ - তারিখঃ ১৬/২/২৫ ৬:২৪ অপরাহ্ন

এমতাবস্থায়, অনুচ্ছেদ ১.০ ও অনুচ্ছেদ ১.১ এর বর্ণনানুযায়ী প্রিন্টার মেরামত ও অন্যান্য ইকুপমেন্ট ক্রয় করার জন্য আলোচ্য Purchasing laptop spare parts & others under SKWP কাজের আওতায় সর্বমোট ৳.২৪,৮০০/- (টাকা চব্বিশ হাজার আটশত) টাকার প্রাক্কলনটি (সংযুক্তিঃ ০২) অনুমোদনসহ কাজটি PPA-2006 এবং PPR-2008 এর বিধিমালা ৮১ এর (১) ধারা মোতাবেক সরাসরি ক্রয়ের সদয় অনুমোদন দেয়া যেতে পারে।

যাহা অনুমোদনের ক্ষমতা প্রধান প্রকৌশলী মহোদয়ের আওতাধীন।




১৬/২/২৫ ৬:২৫ অপরাহ্ন
মোঃ রেজাউল করিম
উপ-সহকারী প্রকৌশলী
সাভার কেরানীগঞ্জ ওয়েলফিল্ড প্ল্যান্ট



১৭/২/২৫ ২:০৪ অপরাহ্ন
মোঃ জাফর ইকবাল চৌধুরী
সহকারী প্রকৌশলী
সাভার কেরানীগঞ্জ ওয়েলফিল্ড প্ল্যান্ট



১৭/২/২৫ ২:৩১ অপরাহ্ন
মোঃ নাফিজ ইমতিয়াজ
নির্বাহী প্রকৌশলী (চলতি দায়িত্ব)
সাভার কেরানীগঞ্জ ওয়েলফিল্ড প্ল্যান্ট



১৭/২/২৫ ৩:০৯ অপরাহ্ন
মির্জা গোলাম কিবরিয়া
তত্ত্বাবধায়ক প্রকৌশলী
পানি ও পয়ঃ শোধনাগার সার্কেল

১৭/২/২৫ ৩:০৯ অপরাহ্ন
মোঃ আব্দুস সালাম ব্যাপারী
প্রধান প্রকৌশলী (চলতি দায়িত্ব)
প্রধান প্রকৌশলী (পরিচালন ও
রক্ষণাবেক্ষণ)